

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০০৭.০১.০০.০০৫.২০১৮-১৬৩

তারিখ: ২৫-০৬-২০১৮ খ্রি:


বিষয়: সিএমএসডি'র প্যাকেজ নং-জি-১৭৪৩ (আইটেম-১ ও ২) এর মাধ্যমে জীপ (ফ্রেস কান্ট্রি ভেহিকল) ক্রয়/সংগ্রহের নিমিত্ত দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, ক্রয় প্রস্তাব ও চুক্তিপত্র সম্পাদনের প্রস্তাবনা অনুমোদনসহ ব্যয় মঞ্জুরী প্রদান

সূত্র: স্মারক নং-সিএমএসডি/প্রক-১৬২/এইচপিএনএসপি/জি-১৭৪৩/আইসিবি/২০১৭-২০১৮/ডি-৫/৫৬০০, তাং-১২-০৬-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিএসএসএম ওপিতে ১টি জীপ (ফ্রেস কান্ট্রি ভেহিকল) ক্রয়ের জন্য বরাদ্দ রয়েছে ৩০,০০,০০০.০০ (ত্রিশ লক্ষ) টাকা এবং বর্ণিত জীপ গাড়ি ক্রয়ের প্রস্তাব করা হয়েছে ৯৩.৩৭ লক্ষ (তিরানব্বই লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকা যা বিধি সম্মত নয়। অপরদিকে সিবিএইচসি ওপির অনুকূলে অর্থ বিভাগের অনুমোদন রয়েছে ৭০(সত্তর)টি ভেহিকলের, কিন্তু প্রস্তাব করা হয়েছে ১১০টি জীপের যা অনুমোদিত সংখ্যার চেয়ে অনেক বেশী।

অর্থ বিভাগ কর্তৃক প্রতিটি জীপ ৫৬.৮৭ লক্ষ (ছাপ্পান্ন লক্ষ সাতাশি হাজার) টাকায় (রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ) ক্রয়ের অনুমোদন দেয়া হয়েছে। কিন্তু সূত্রোক্ত পত্রে প্রতিটি গাড়ির মূল্য ১৭৯.৬৩ লক্ষ (এক কোটি উনআশি লক্ষ তেষট্টি হাজার) টাকা উল্লেখ করা হয়েছে, যা অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত মূল্যের ৩(তিন) গুণেরও অধিক। এক্ষেত্রে ১১১ (একশত এগার)টি জীপ গাড়ি ৪৩,৭৮,৮২,০৯২.৫০ (তেতাল্লিশ কোটি আটাত্তর লক্ষ বিরান্বিশ হাজার বিরানব্বই দশমিক পাঁচ শূন্য) টাকায় ক্রয়ের প্রস্তাব প্রেরণ করা হলেও প্রতিটি গাড়ির একক মূল্য উল্লেখ করা হয়নি। প্রেরিত প্রস্তাবটি অসংগতিপূর্ণ এবং প্রস্তাবিত মূল্য অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত মূল্যের অধিক। বিধায় প্রস্তাবটি না মঞ্জুর করা হলো।

এমতাবস্থায়, অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত গাড়ির সংখ্যা এবং বরাদ্দের আলোকে প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড হতে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক ক্রয়ের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ রফিকুল ইসলাম)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

পরিচালক (ভান্ডার ও সরবরাহ)  
কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও  
ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।